গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
(http://satkhirasadar.satkhira.gov.bd)

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭৮২.০০০.০৫.০০৭.২০২৩- ১৮৪ তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৩

# হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (বাংলা ১৪৩০ সাল)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালার আলোকে সাতক্ষীরা সদর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারগুলো বাংলা ১৪৩০ সালের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল ও শর্তসমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ পর্যন্ত) জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়/উপজেলা ভূমি অফিস/পুলিশ স্টেশন, সাতক্ষীরা সদর/সোনালী ব্যাংক, প্রধান শাখা, সাতক্ষীরাসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (সিডিউল মূল্য, যা অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে এবং নির্ধারিত তারিখে সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই দিন দুপুর ২:০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা ও বাছাই করা হবে।

## হাট-বাজারের তালিকা ও বিবরণী :

| ক্রঃ নং | হাট বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩০ সালের সম্ভাব্য মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১. | বাঁশদহা হাট | বাঁশদহা | ১৪,৮২,৪১০/- | ৩,৬০০/- |
| ২. | রেউই হাট | বাঁশদহা | ১,৫৩,৫৪১/- | ১,০০০/- |
| ৩. | কুশখালী হাট | কুশখালী | ২,৩৮,৮৮৯/- | ১২০০/- |
| ৪. | সাতানী হাট | কুশখালী | ৯৫,০৮২/- | ৫০০/- |
| ৫. | কাথন্ডা হাট | বৈকারী | ১৯,০১,৩২২/- | ৪৬০০/- |
| ৬. | বৈকারী হাট | বৈকারী | ২,৭০,৩০০/- | ১২০০/- |
| ৭. | মৃগীডাঙ্গা হাট | বৈকারী | ১৬,০১৪/- | ৫০০/- |
| ৮. | ঘোনা হাট | ঘোনা | ১,১৪,০২০/- | ১০০০/- |
| ৯. | পরানদহা হাট | শিবপুর | ২৮,১৬০/- | ৫০০/- |
| ১০. | খানপুর হাট | শিবপুর | ৭,৪২০/- | ৫০০/- |
| ১১. | পদ্মশাখরা হাট | ভোমরা | ১,১০,০৬৩/- | ১০০০/- |
| ১২. | লক্ষীদাঁড়ী | ভোমরা | ২,৪৬,১১৪/- | ১২০০/- |
| ১৩. | শ্রীরামপুর হাট | ভোমরা | ১০,৪০১/- | ৫০০/- |
| ১৪. | আলিপুর হাট | আলিপুর | ৬৫,৮৩৭/- | ৫০০/- |
| ১৫. | আলিপুর বাজার | আলিপুর | ৬৬,২৬৯/- | ৫০০/- |
| ১৬. | মাহমুদপুর হাট | আলিপুর | ৩৭,১৬৮/- | ৫০০/- |
| ১৭. | ভাড়ুখালী হাট | আলিপুর | ৩৮,২৫০/- | ৫০০/- |
| ১৮. | চাঁদপুর হাট | ধুলিহর | ৯,০৮১/- | ৫০০/- |
| ১৯. | ব্রহ্মরাজপুর হাট | ব্রহ্মরাজপুর | ১,২৯,৮৮৬/- | ১০০০/- |
| ২০. | মাছখোলা হাট | ব্রহ্মরাজপুর | ১৪,০৭৭/- | ৫০০/- |
| ২১. | বাবুলিয়া হাট | আগরদাঁড়ী | ৫৮,৫৮০/- | ৫০০/- |
| ২২. | আবাদের হাট | আগরদাঁড়ী | ১,২৫,৪৪,৭৮২/- | ২৫,৮০০/- |
| ২৩. | আখড়াখোলা হাট | ঝাউডাঙ্গা | ২,৯১,৯৯৫/- | ১২০০/- |
| ২৪. | মাধবকাটি হাট | ঝাউডাঙ্গা | ১,০৭,১০২/- | ১০০০/- |
| ২৫. | ঝাউডাঙ্গা হাট | ঝাউডাঙ্গা | ৫৭,৫৯,৩৩৩/- | ১২,২০০/- |
| ২৬. | বিনেরপোতা হাট | লাবসা | ৬৩,৭৭,৮৪৬/- | ১৩,৪০০/- |
| ২৭. | ব্যাংদহা হাট | ফিংড়ী | ১,৮০,৪৮৩/- | ১০০০/- |
| ২৮. | ফিংড়ী হাট | ফিংড়ী | ৬,৭০৭/- | ৫০০/- |
| ২৯. | এল্লারচর হাট | ফিংড়ী | ১,২৭২/- | ৫০০/- |

## দরপত্র দাখিলের তারিখ :

| ১ম দরপত্র দাখিলের তারিখ | ১ম দরপত্র গৃহীত না হলে ২য় দরপত্র দাখিলের তারিখ | ২য় দরপত্র গৃহীত না হলে ৩য় দরপত্র দাখিলের তারিখ | ৩য় দরপত্র গৃহীত না হলে ৪র্থ দরপত্র দাখিলের তারিখ | ৪র্থ দরপত্র গৃহীত না হলে ৫ম দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|
| ২২-০২-২০২৩ | ০৬-০৩-২০২৩ | ১৬-০৩-২০২৩ | ২৭-০৩-২০২৩ | ০৩-০৪-২০২৩ |

উল্লেখ্য, শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে।

০৫/০২/২৩

ফাতেমা-তুজ-জোহরা
উপজেলা নির্বাহী অফিসার
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
☎-০২৪৭৭৭৭১১১০

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ।
৩. জেলা প্রশাসক, সাতক্ষীরা ।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব), সাতক্ষীরা ।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতক্ষীরা সদর।
৬. উপজেলা নির্বাহী অফিসার,................................(সকল), সাতক্ষীরা ।
৭. সহকারী কমিশনার (ভূমি), সাতক্ষীরা সদর।
৮. জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা। মাইকের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ।
৯. অফিসার ইনচার্জ, সাতক্ষীরা থানা।
১০. উপজেলা.............................................কর্মকর্তা। বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, প্রধান শাখা, সাতক্ষীরা ।
১২. চেয়ারম্যান/সচিব,...............................ইউপি (সকল), সাতক্ষীরা সদর, সাতক্ষীরা । মাইক ও ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...............................( সকল ), সাতক্ষীরা সদর। মাইক ও ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য।
১৪. জনাব.............................................. ইজারাদার,................................. হাট-বাজার, সাতক্ষীরা ।
১৫. সম্পাদক, দৈনিক যুগান্তর পত্রিকা, ঢাকা/দৈনিক দৃষ্টিপাত পত্রিকা সাতক্ষীরা। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০৭/০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের সংখ্যায় স্বল্প পরিসরে (৯x৩) ইঞ্চি কলামে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধসহ।

## ১৪৩০ বাংলা সালের হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩০ সালের ১ লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে ।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর এর অনুকুলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে। এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে ।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে ।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৫/২/২৫

ফাতেমা-তুজ-জোহরা
উপজেলা নির্বাহী অফিসার
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
☎-০২৪৭৭৭১১১০